**বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়**
**লেজিসলেটিভ সাপোর্ট উইং**
**আইন প্রণয়ন শাখা-১**
**www.parliament.gov.bd**

# রবিবার ২২ চৈত্র ১৪৩২ মোতাবেক ৫ এপ্রিল ২০২৬ বিকাল ৩:৩০ মিনিটে অনুষ্ঠেয় সংসদের বৈঠকের জন্য

# দিনের কার্যসূচি

## প্রশ্ন

প্রশ্ন জিজ্ঞাসা এবং উত্তর
(বাণিজ্য মন্ত্রণালয়, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, খাদ্য মন্ত্রণালয় এবং দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় )

## জরুরী জন-গুরুত্বসম্পন্ন বিষয়ে মনোযোগ আকর্ষণ (বিধি-৭১)

জরুরী জন-গুরুত্বসম্পন্ন বিষয়ে মনোযোগ আকর্ষণ (বিধি-৭১)-এর আওতায় প্রাপ্ত নোটিশসমূহ নিষ্পত্তি।

## জরুরী জন-গুরুত্বসম্পন্ন বিষয়ে মনোযোগ আকর্ষণ (বিধি-৭১)-এর গৃহীত নোটিশসমূহের উপর আলোচনা

১। জনাব মোঃ মনিরুল হক চৌধুরী (কুমিল্লা-৬), মাননীয় সদস্য কর্তৃক আনীত 'সড়ক বিভাগ সৃষ্ট কুমিল্লা পদুয়ার বাজারে ঢাকা-চট্টগ্রাম মহাসড়ক ও কুমিল্লা-নোয়াখালী সংযোগস্থলে অবৈধ দানবীয় ব্যারিকেড স্থাপন, কুমিল্লা প্রবেশ পথে টমছম ব্রিজসহ ৭টি স্থানে আন্ডারপাস ও সার্ভিসলেন নির্মিত না হওয়ায় এই স্থানটি মরণফাঁদ ও তার প্রতিকার' প্রসঙ্গে জরুরী জন-গুরুত্বসম্পন্ন বিষয়ে মাননীয় সড়ক পরিবহন ও সেতু মন্ত্রীর মনোযোগ আকর্ষণ।

( নোটিশের প্রতিলিপি পৃথকভাবে পরিবেশন করা হইয়াছে )

২। জনাব মোহাম্মদ আব্দুল মালিক (সিলেট-৩), মাননীয় সদস্য কর্তৃক আনীত 'ভুয়া মুক্তিযোদ্ধাদের তালিকা সংশোধন করে সঠিক তালিকা প্রণয়ন' প্রসঙ্গে জরুরী জন-গুরুত্বসম্পন্ন বিষয়ে মাননীয় মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রীর মনোযোগ আকর্ষণ।

( নোটিশের প্রতিলিপি পৃথকভাবে পরিবেশন করা হইয়াছে )

৩। জনাব মাসুদ সাঈদী (পিরোজপুর-১), মাননীয় সদস্য কর্তৃক আনীত 'পিরোজপুর-১ এর সদর-নাজিরপুর-জিয়ানগর উপজেলায় সুপেয় পানির সংকট নিরসন ও লবণাক্ততা দূরীকরণে জনস্বার্থে পর্যাপ্ত ওয়াটার ট্রিটমেন্ট প্ল্যান্ট ও গভীর নলকূপ স্থাপন' প্রসঙ্গে জরুরী জন-গুরুত্বসম্পন্ন বিষয়ে মাননীয় স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রীর মনোযোগ আকর্ষণ।

( নোটিশের প্রতিলিপি পৃথকভাবে পরিবেশন করা হইয়াছে )

## রাষ্ট্রপতির ভাষণ সম্পর্কে আনীত ধন্যবাদ প্রস্তাব

মহামান্য রাষ্ট্রপতির ভাষণ সম্পর্কে আনীত ধন্যবাদ প্রস্তাবের উপর আলোচনা।

## জন-গুরুত্বসম্পন্ন বিষয়ে মুলতবি প্রস্তাব (বিধি-৬২)

জনাব জয়নুল আবদিন ফারুক (নোয়াখালী-২), মাননীয় সদস্য কর্তৃক আনীত 'জুলাই জাতীয় সনদ ২০২৫ "ভবিষ্যতের পথ রেখা"-একটি রাজনৈতিক সমঝোতার দলিল যা সংবিধান সংশোধনসহ বিভিন্ন আইন-কানুন প্রণয়ন, সংশোধন, সংযোজন পরিমার্জনের বিষয়ে প্রস্তাব সংক্রান্ত। সে কারণে উক্ত জুলাই জাতীয় সনদ ২০২৫ এর বাস্তবায়ন পদ্ধতি কি হবে, সে বিষয়ে সংসদ মুলতবি করে আলোচনা হওয়া প্রসঙ্গে' জন-গুরুত্বসম্পন্ন বিষয়ে আলোচনা।

( নোটিশের প্রতিলিপি পৃথকভাবে পরিবেশন করা হইয়াছে )

ঢাকা,
১৯ চৈত্র ১৪৩২
২ এপ্রিল ২০২৬

ব্যারিস্টার মো: গোলাম সরওয়ার ভূঁইয়া
সচিব।